

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, মে ২৯, ২০১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ১৫ জ্যৈষ্ঠ ১৪২৬ বঙ্গাব্দ/২৯ মে ২০১৯ খ্রিস্টাব্দ

নম্বর: ০৪.০০.০০০০.৪২১.৮৪.০৪৩.১৯.১৬৩—গত ২২ এপ্রিল ২০১৯ তারিখ হতে ০৩ মে ২০১৯ তারিখে বাংলাদেশ ফুটবল ফেডারেশন কর্তৃক প্রথমবারের মত আয়োজিত আন্তর্জাতিক যুব নারী ফুটবল টুর্নামেন্ট ‘বঙ্গমাতা অনূর্ধ্ব-১৯ গোল্ডকাপ’-এ বাংলাদেশ অনূর্ধ্ব-১৯ নারী ফুটবলদল তাদের গুপ্ত পর্বে আরব আমিরাতকে ২-০ এবং কিরগিজস্তানকে ২-১ গোলের ব্যবধানে পরাজিত করে গুপ্ত চ্যাম্পিয়ন হয়ে সেমিফাইনালে পৌছায়। অতঃপর সেমিফাইনালে শক্তিশালী মঙ্গোলিয়াকে ৩-০ গোলের ব্যবধানে পরাজিত করে বাংলাদেশ দল ফাইনাল খেলার যোগ্যতা অর্জন করে। অবশেষে ০৩ মে ২০১৯ তারিখে ঘূর্ণিঝড় ফনীর কারণে ফাইনাল খেলা পরিত্যক্ত হওয়ার পরিপ্রেক্ষিতে বাংলাদেশ যৌথভাবে লাওসের সঙ্গে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে।

২। বাংলাদেশ অনূর্ধ্ব-১৯ নারী ফুটবলদলের এই ক্রীড়া নেপুণ্যের জন্য সকল খেলোয়াড়, কোচ, কর্মকর্তা ও বাংলাদেশ ফুটবল ফেডারেশনসহ সংশ্লিষ্ট সকলকে আন্তরিক অভিনন্দন জানিয়ে এবং এই বিজয় বাংলাদেশ নারী ফুটবলদলকে আরও আত্মবিশ্বাসী করে তুলবে ও পরবর্তীকালে আরও ভাল ফলাফল বয়ে আনার অনুপ্রেরণা যোগাবে মর্মে আশাবাদ ব্যক্ত করে মন্ত্রিসভার ১৩ জ্যৈষ্ঠ ১৪২৬/২৭ মে ২০১৯ তারিখের বৈঠকে একটি প্রস্তাৱ গৃহীত হয়েছে।

৩। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত অভিনন্দন প্রস্তাৱ সকলের অবগতিৰ জন্য প্রকাশ কৰা হলো।

রাষ্ট্রপতিৰ আদেশক্রমে,

মোহাম্মদ শফিউল আলম
মন্ত্রিপরিষদ সচিব

(১৬৪৮৭)

মূল্য : টাকা ৪.০০

মন্ত্রিসভার অভিনন্দন প্রস্তাব

১৩ জৈষ্ঠ ১৪২৬

ঢাকা: -----

২৭ মে ২০১৯

গত ২২ এপ্রিল ২০১৯ তারিখ হতে ০৩ মে ২০১৯ তারিখে বাংলাদেশ ফুটবল ফেডারেশন কর্তৃক প্রথমবারের মত আয়োজিত আন্তর্জাতিক যুব নারী ফুটবল টুর্নামেন্ট ‘বঙ্গামাতা অনূর্ধ্ব-১৯ গোল্ডকাপ’-এ বাংলাদেশ অনূর্ধ্ব-১৯ নারী ফুটবলদল তাদের গুপ্ত পর্বে আরব আমিরাতকে ২-০ এবং কিরগিজস্তানকে ২-১ গোলের ব্যবধানে প্রাপ্তিজিত করে গুপ্ত চ্যাম্পিয়ন হয়ে সেমিফাইনালে পৌছায়। অতঃপর সেমিফাইনালে শত্রুশালী মঙ্গোলিয়াকে ৩-০ গোলের ব্যবধানে প্রাপ্তিজিত করে ফাইনাল খেলার যোগ্যতা অর্জন করে। অবশেষে ০৩ মে ২০১৯ তারিখে ঘূর্ণিঝড় ফনীর কারণে ফাইনাল খেলা পরিত্যক্ত হওয়ার পরিপ্রেক্ষিতে বাংলাদেশ যৌথভাবে লাওসের সঙ্গে চ্যাম্পিয়ন হওয়ার পৌরব অর্জন করে। উল্লেখ্য, এই টুর্নামেন্টে অংশগ্রহণকারী অন্যান্য দল ছিল — সংযুক্ত আরব আমিরাত, মঙ্গোলিয়া, লাওস, কিরগিজস্তান এবং তাজিকিস্তান।

বাংলাদেশ অনূর্ধ্ব-১৯ নারী ফুটবলদলের এ নৈপুণ্য-ভাস্তুর সাফল্য দেশের ক্রীড়াজ্ঞানে বিশেষ করে ফুটবলে এক অনন্য অর্জন। একটি পরিপূর্ণ, ক্রীড়াশৈলীসম্পন্ন ও সুসংহত দল হিসাবে বাংলাদেশ শত্রুশালী ও অভিজ্ঞতাসম্পন্ন আরব আমিরাত, কিরগিজস্তান এবং মঙ্গোলিয়া দলকে প্রাপ্তিজিত করার মধ্য দিয়ে দেশকে উপহার দিল এক গৌরবোজ্জ্বল সম্মান এবং আন্তর্জাতিক অঙ্গনে প্রতিষ্ঠিত করল দেশের সুউচ্চ অবস্থান।

দেশের ক্রীড়াজ্ঞানে নারীদের সাফল্যের তালিকা বেশ দীর্ঘ ও প্রশংসনীয়। নারী খেলোয়াড়গণ তাদের প্রতিভা, প্রাপ্তসরতা ও সন্তানবনার বিষয়টি বিভিন্ন ক্রীড়াক্ষেত্রে প্রমাণ করেছেন। গত বছর জুনে বাংলাদেশের মহিলা জাতীয় ক্রিকেট দল মনোমুক্তকর ক্রীড়াশৈলী প্রদর্শনের মধ্য দিয়ে এশিয়া কাপে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে।

মন্ত্রিসভা মনে করে যে এ বিজয় দেশে খেলাধুলার অব্যাহত উন্নয়নের মাধ্যমে নারীর ক্ষমতায়নে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বাধীন সরকারের গৃহীত বিভিন্ন কর্মসূচির ফলপ্রসূতার পরিচায়ক। প্রধানমন্ত্রী শেখ হাসিনার সরকার নারী খেলোয়াড়দের সুযোগ-সুবিধা নিশ্চিত করতে বহুমুখী কার্যকর পদক্ষেপ গ্রহণ করেছে। মন্ত্রিসভা আশা করে যে এই বিজয় বাংলাদেশ নারী ফুটবলদলকে আরও আভাবিকাসী করে তুলবে এবং পরবর্তীকালে আরও ভাল ফলাফল বয়ে আনার অনুপ্রেরণা যোগাবে।

মন্ত্রিসভা বাংলাদেশ অনূর্ধ্ব-১৯ নারী ফুটবলদলের এই ক্রীড়া নৈপুণ্যের জন্য সকল খেলোয়াড়, কোচ, কর্মকর্তা ও বাংলাদেশ ফুটবল ফেডারেশনসহ সংশ্লিষ্ট সকলকে আন্তরিক অভিনন্দন জানাচ্ছে।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd